

ঘর থেকে ঘরে

আমি তোমার বাড়ীতে ঢুকবো । জুতো পরে আমি তোমার বাড়ীতে  
আমি তোমার ঘরে, আমি তোমার রান্নাঘরে  
আমি তোমার বাথমে, আমি তোমার বেডমে  
আমি তোমার ঘর থেকে ঘরে হেঁটে বেড়াব।

আমি তোমার বাবাকে মারব না । আমি তোমার  
মাকে ধরবো না । আমি তোমার দিদিকে  
ধরবো না । আমি তোমার ঘরে বসে  
বই পড়বো ।

বই পড়বো, বই পড়বো, আর টেলিফোন  
এলে আমি ধরবো । চিঠি এলে আমি  
খুলবো । রাত্রে তোমরা ঘুমোবে । আমি বসে থাকব ।  
বসে থাকাই আমার কাজ । কিন্তু তোমরা কী ঘুমোতে পারবে?

সুবোধ সরকার

